গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
সংসদ ও সমন্বয় শাখা

## অক্টোবর, ২০১৭ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| চেয়ারপার্সন | : | ড. নমিতা হালদার এনডিসি<br>ভারপ্রাপ্ত সচিব<br>প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। |
| সভার তারিখ ও সময় | : | ২২.১১.২০১৭ বেলা ১১.০০ ঘটিকা। |
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সভা কক্ষ। |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

চেয়ারপার্সন উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় গত ১০.১০.২০১৭ তারিখ বেলা ১২.০০ ঘটিকায় অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করা হলে কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর কার্যপত্র অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়সমূহ বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

আলোচনা ও সিদ্ধান্ত:

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১.১ইনোভেশন কমিটির কার্যক্রম | ক) অনলাইনে অভিযোগ নিষ্পত্তির ক্ষেত্রে অভিযোগের ধরণ এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা নির্দেশিকার আলোকে সময় নির্ধারণ করে দিতে হবে। | ক) বিএমইটি প্রতিনিধি জানান, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা নির্দেশনার আলোকে অভিযোগ নিষ্পত্তির সময় নির্ধারণ করে দেয়া হয়েছে। চেয়ারপার্সন বলেন, মন্ত্রিপরিষদ বিভাগে প্রতি মাসে অভিযোগ নিষ্পত্তি বিষয়ক প্রতিবেদন প্রেরণ করতে হয়। তাছাড়া APA ও NIS এ অভিযোগ নিষ্পত্তির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সে মোতাবেক অভিযোগ নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে। | ক) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৭-১৮ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী অভিযোগ নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে। | ক) অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (প্রকবৈকম), কর্মসংস্থান অনুবিভাগ ও দপ্তর/সংস্থা (সকল) |
| | খ) মন্ত্রিপরিষদ বিভাগে নিয়মিত প্রেরণের লক্ষ্যে অর্থবছরভিত্তিক প্রতিবেদন প্রস্তুত করতে হবে। | খ) মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের লক্ষ্যে বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার অর্থবছরভিত্তিক প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। | খ) বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৭-১৮ অনুযায়ী সকল কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | খ) ইনোভেশন টীম, মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা (সকল) |
| | গ) অনলাইনে ভিসা চেকিং অ্যাপসের বিষয়ে প্রচার বৃদ্ধি করতে হবে। | গ) মোবাইল ফোনের মাধ্যমে অনলাইনে ভিসা চেকিং এ্যাপসটিকে তৃণমূল পর্যায়ে পরিচিত করার লক্ষ্যে অধীনস্থ ডিইএমও ও টিটিসি সমূহের মাধ্যমে ব্যাপক প্রচার চালানো হচ্ছে । সদর দপ্তর ও অধীনস্থ দপ্তর কর্তৃক প্রচারিত লিফলেট, ব্রসিয়ার, বুকলেট ইত্যাদিতেও এ বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে। | গ) অনলাইনে ভিসা চেকিং অ্যাপসের বিষয়ে প্রচার বাড়াতে হবে। | গ) মহাপরিচালক বিএমইটি |

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | বিএমইটি'র ফেইসবুক পেইজে ও অনলাইন ভিসা যাচাই এ্যাপসটির ব্যবহার বিধি এবং গুগুল প্লে স্টোরে এর অবস্থান সম্পর্কে ফিচার প্রচার করা হচ্ছে। | | |
| ২.১ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি | ১। যেসকল শাখায় ইন্টারনেট সংযোগ সমস্যা আছে সেগুলো চিহ্নিত করে কল্যাণ বোর্ড ও মন্ত্রণালয়ের আইসিটি শাখা যৌথভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | ১) কল্যাণ বোর্ড ও মন্ত্রণালয়ের আইসিটি শাখার মাধ্যমে ইন্টারনেট সংযোগ সমস্যা চিহ্নিত করে তা দূর করা হয়েছে। সহকারী প্রোগ্রামার উল্লেখ করেন, বর্তমানে মন্ত্রণালয়ের ৪টি শাখায় ইন্টারনেট সংযোগ নেই। তাছাড়া কিছু শাখায় ইন্টারনেট ক্যাবলগুলো পুরাতন হওয়ায় তা পরিবর্তন করা প্রয়োজন। বর্তমানে মন্ত্রণালয়ে কল্যাণ বোর্ডের তত্ত্বাবধানে ৩০ mbps ইন্টারনেট সরবরাহ করা হচ্ছে। মন্ত্রণালয়ের জন্য বরাদ্দকৃত ৭০ mbps পাওয়া গেলে ইন্টারনেটের গতি বৃদ্ধি পাবে। | ১। মন্ত্রণালয়ের যেসকল শাখায় বর্তমানে ইন্টারনেট সংযোগ নেই এবং যেসকল ক্যাবল পরিবর্তনযোগ্য সেগুলো চিহ্নিত করে দ্রুত সমস্যার সমাধান করতে হবে। | ১। মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড<br>ও<br>সহকারী প্রোগ্রামার, মন্ত্রণালয় |
| | ২। ই-নথির মাধ্যমে নোট উপস্থাপনপূর্বক দ্রুত নিষ্পন্ন ও পত্র জারির সংখ্যা বৃদ্ধি করতে হবে। | ২। এ মন্ত্রণালয়ের ই-ফাইলিং কার্যক্রম বর্তমানে সন্তোষজনক মর্মে এটুআই থেকে জানানো হয়েছে। তবে মন্ত্রণালয়ের কিছু শাখা এখনও ই-ফাইলিং এ পিছিয়ে আছে। ই-ফাইলিংয়ে এ মন্ত্রণালয়ের অগ্রগতির ধারা অব্যাহত রাখার লক্ষ্যে সকল শাখার জন্য নোট নিষ্পত্তি ও পত্রজারির একটি লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দেয়া প্রয়োজন। | ২। ই-নথির মাধ্যমে নোট উপস্থাপনপূর্বক নোট নিষ্পত্তি ও পত্র জারির সংখ্যা বৃদ্ধি করতে একটি লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দিতে হবে। | ২। আইসিটি শাখা |
| | ৩। বিভিন্ন দেশের সাথে এ মন্ত্রণালয়ের সম্পাদিত MoU এর চূড়ান্ত কপি ওয়েবসাইটে আপলোড করতে হবে। | ৩। সহকারী প্রোগ্রামার জানান, কোরিয়ার সাথে বাংলাদেশের সম্পাদিত MoU ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। এ বিষয়ে অতিরিক্ত সচিব (মিশন ও কল্যাণ) বলেন, সমঝোতা স্মারক/চুক্তি ইত্যাদি ভালোমত পর্যালোচনাপূর্বক তথ্য অধিকার আইন, ২০০৯ এর সাথে সঙ্গতি রেখে প্রযোজ্য অংশ ওয়েবসাইটে আপলোড করা যেতে পারে। | ৩। মন্ত্রণালয়ের ওয়েবসাইটে এ মন্ত্রণালয় সংশ্লিষ্ট বিষয়াদি আপলোডের ক্ষেত্রে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুসরণ করতে হবে। | ৩। যুগ্মসচিব (কর্মসংস্থান/প্রশিক্ষণ)<br>ও<br>সহকারী প্রোগ্রামার |
| | ৪। বিএমইটির বহির্গমন শাখায় সেবা গ্রহীতাদের মতামত গ্রহণের উদ্যোগটি দ্রুত কার্যকর করতে হবে। | <u>৪। বিএমইটি:</u><br>বিএমইটির বহির্গমন শাখায় প্রাথমিকভাবে সেবাগ্রহীতাদের মতামত গ্রহণের জন্য ফরম প্রস্তুত করা হয়েছে। উক্ত শাখায় সেবা গ্রহীতাদের মতামত প্রদানের জন্য বক্স স্থাপন করা হয়েছে। উল্লেখ্য যে, বিএমইটির মূল ভবনের প্রবেশ মুখে ও সেবা গ্রহিতাদের কাঙ্খিত সেবা প্রাপ্তির বিষয়ে মতামত গ্রহণের জন্য অনুরূপ বক্স ইতোমধ্যেই স্থাপন করা হয়েছে। প্রাপ্ত অভিযোগ/মতামতগুলো পর্যালোচনা করে তদানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | ৪। বিএমইটির বহির্গমন শাখায় প্রাপ্ত সেবা গ্রহীতাদের অভিযোগ/মতামত যাচাইঅন্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ৪। মহাপরিচালক বিএমইটি |
| | ৫।বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১৭- | ৫। ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও জাতীয় শুদ্ধাচার কৌশলের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য পদক্ষেপ গ্রহণ করা হয়েছে এবং নির্ধারিত সময়ের | ৫। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১৭-১৮ এর লক্ষ্যমাত্রা | ৫। সকল কর্মকর্তা মন্ত্রণালয়<br>ও |

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | ১৮ এর লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে হবে। | মধ্যে পরিকল্পনা অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করা হচ্ছে। | নির্ধারিত সময়ের মধ্যে অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলকে তৎপর থাকতে হবে। | দপ্তর/সংস্থা |
| ২.২ ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা | ১। অক্টোবর, ২০১৭ এর মধ্যে বীমা সংক্রান্ত নীতিমালার খসড়া প্রস্তুত করতে হবে। | <u>১। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড:</u><br>বিদেশগামী কর্মীদের শতভাগ বীমার আওতায় আনয়নের লক্ষ্যে একটি খসড়া নীতিমালা প্রণয়ন করা হয়েছে। উক্ত খসড়া পর্যালোচনা করার লক্ষ্যে মাল্টি স্টেকহোল্ডারদের সাথে সভা করা হবে। ৩১ ডিসেম্বর, ২০১৭ এর মধ্যে নীতিমালাটি চূড়ান্ত করা সম্ভব হবে মর্মে আশা করা যায়। | ১। ডিসেম্বর, ২০১৭ এর মধ্যে বীমা সংক্রান্ত নীতিমালা চূড়ান্ত করতে হবে। | ১। অতিরিক্ত সচিব (মিশন ও কল্যাণ)<br>ও<br>মহাপরিচালক,<br>ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড |
| | ২। প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে অভিবাসনে পিছিয়ে থাকা জেলাগুলো হতে প্রশিক্ষণার্থী গ্রহণের বিষয়টি অগ্রাধিকার দিতে হবে। | <u>২। বিএমইটি:</u><br>• অভিবাসনে পিছিয়ে থাকা জেলার উপজেলাগুলোকে অগ্রাধিকার দিয়ে ২য় পর্যায়ে ৫০ টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের প্রকল্প গ্রহণ করা হয়েছে।<br>• অভিবাসনে পিছিয়ে থাকা ২৪টি জেলায় অভিবাসন বৃদ্ধির লক্ষ্যে ডিইএমও ও টিটিসিগুলোর মাধ্যমে উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের এ বিষয়ে সুযোগ সুবিধাদি অবহিত করার লক্ষ্যে প্রচারণা চালানো হচ্ছে।<br>• প্রশিক্ষণার্থীদের নিয়মিত শিক্ষা কার্যক্রমের পাশাপাশি বৃত্তিমূলক পেশায় দক্ষতা অর্জন, দক্ষতা উন্নয়ন ও বৈদেশিক কর্মসংস্থানে উৎসাহিতকরণে মোটিভেশনাল সভার আয়োজন করা হচ্ছে।<br>• এছাড়া জেলা পর্যায়ে কর্মী নির্বাচন, জব ফেয়ারের আয়োজন, নিয়োগকর্তাদের নিয়ে Job seminar, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ (skill competition), প্রাক ওরিয়েনটেশন প্রশিক্ষণ কার্যক্রমসমূহ বিকেন্দ্রিকরণ করা হয়েছে। এতে বিদেশগমনেচ্ছু কর্মীগন ব্যাপকভাবে উপকৃত হচ্ছে।<br>• ছাড়পত্র গ্রহণের সুবিধার্থে বিভাগীয় পর্যায়ে চট্টগ্রাম, ডিইএমওতে বিদেশগামী কর্মীদের স্মার্ট কার্ড প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া ডিইএমও, সিলেটও বিদেশগামী কর্মীদের স্মার্ট কার্ড প্রদান কার্যক্রম চালুর অপেক্ষায় আছে। এতে করে বিদেশগামী কর্মীদের বিদেশ গমনের প্রবণতা বৃদ্ধি পাবে মর্মে আশা করা যায়।<br>• অধিকন্তু অভিবাসনে পিছিয়ে থাকা জেলা সমূহের জন্য জেলা পর্যায়ে এতিম ও দুঃস্থ তরুণ/তরুণীদের বিএমইটি’র আওতাধীন টিটিসি’র মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করে দক্ষতা উন্নয়নের মাধ্যমে বৈদেশিক কর্মসংস্থানের কর্মসূচি গ্রহণ করা হয়েছে। | ২। অভিবাসনে পিছিয়ে থাকা জেলাগুলোর লোকজনকে উদ্বুদ্ধ করার লক্ষ্যে এ মন্ত্রণালয়ের সচিব সহ উক্ত এলাকাসমূহের জনপ্রতিনিধি ও গণ্যমান্য ব্যক্তিদের উপস্থিতিতে এতিম/দুঃস্থদের প্রশিক্ষণ কার্যক্রম উদ্বোধনের উদ্যোগ নিতে হবে। | ২। মহাপরিচালক, বিএমইটি |

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | ৩। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | ৩। পরিকল্পনা শাখা: পরিকল্পনা ও উন্নয়ন উইং হতে জানানো হয় যে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের মনিটরিং জোরদার করার লক্ষ্যে উন্নয়ন ও পরিকল্পনা উইং এর পাশাপাশি মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা যাতে প্রকল্প এলাকা পরিদর্শন করতে পারেন সে জন্য ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | ৩। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ৩। যুগ্মসচিব (উন্নয়ন) এবং মহাপরিচালক, (বিএমইটি) |
| ২.৩. মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন মনিটরিং | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক সৌদি আরবে স্কুল স্থাপনের বিষয়ে কার্যক্রম জোরদার করতে হবে। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড: সৌদি আরবে স্কুল স্থাপনের বিষয়ে প্রকল্প গ্রহণের জন্য বিএমইটি'কে দায়িত্ব প্রদান করা হয়েছে। এ বিষয়ে বোর্ড হতে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা হবে।<br><br>পরিকল্পনা শাখা-২: সৌদি আরবে ৯টি স্কুল স্থাপন বিষয়ে পিইসি সভার সিদ্ধান্তের আলোকে প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনার জন্য একটি সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প প্রণয়ন করা হয়েছে এবং গত ১৪/০৫/২০১৭ তারিখে মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ডিপিইসি সভার সুপারিশ অনুযায়ী সমীক্ষা প্রকল্পটি পূনর্গঠন করা হয়েছে। গত ১৮/১০/২০১৭ তারিখ মন্ত্রণালয়ে পুনরায় ডিপিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক সৌদি আরবে স্কুল স্থাপনের বিষয়ে কার্যক্রম জোরদার করতে হবে। | যুগ্মসচিব (উন্নয়ন) এবং কল্যাণ বোর্ড |
| ২.৪ অডিট আপত্তি সংক্রান্ত | ১) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে অডিট আপত্তি নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে। | বিএমইটি প্রতিনিধি জানান, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে অডিট আপত্তি নিষ্পত্তির গতি ত্বরান্বিত করার নিমিত্ত একটি দ্বিপাক্ষিক সভা আহবানের জন্য নিরীক্ষা দপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে । অডিট আপত্তি নিষ্পত্তির হার ৫৫%। মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম আরও গতিশীল করা প্রয়োজন। | ১) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে অডিট আপত্তি নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে। | যুগ্মসচিব (বাজেট ও সেবা) ও দপ্তর/সংস্থা (সকল) |
| ২.৫ অনিষ্পন্ন বিষয় | মন্ত্রণালয় হতে চাহিত প্রতিবেদন দপ্তর/সংস্থা হতে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে। | দপ্তর/সংস্থা:<br>মন্ত্রণালয় হতে চাহিত প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে দপ্তর/সংস্থা হতে প্রেরণ করা হয়। | মন্ত্রণালয় হতে চাহিত প্রতিবেদন দপ্তর/সংস্থা হতে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে। | দপ্তর/সংস্থা (সকল) |

**দপ্তর/সংস্থা :**

৩.০. জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) :

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| **১** | **২** | **৩** | **৪** | **৫** |
| ৩.১ মামলা সংক্রান্ত | বিদেশগামী কর্মীদের মেডিকেল চেকআপের বিষয়ে গামকার সাথে বিএমইটি সভা করবে। | বিদেশগামী কর্মীদের মেডিকেল চেকআপের বিষয়ে গত ২৩/১০/২০১৭ তারিখে গামকার সাথে বিএমইটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে। | গামকার সাথে বিএমইটির সভা পরবর্তী সর্বশেষ অবস্থা সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | মহাপরিচালক, বিএমইটি |

ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড :

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৪.১ বিদেশে মৃত কর্মীর সংখ্যা, বিদেশ থেকে মৃতদেহ আনার সংখ্যা, ক্ষতিপূরণ দেওয়ার পরিমাণ ইত্যাদি সম্পর্কে আপডেট তথ্য প্রদান | প্রবাসবন্ধু কলসেন্টারের মত কল্যাণ বোর্ডের আওতায় কলসেন্টার স্থাপনের লক্ষ্যে করণীয় সম্পর্কে পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডে ইআরপি সিস্টেমে একটি মডিউল রাখা হয়েছে। এ মডিউল ব্যবহার করে কলসেন্টারের ন্যায় প্রবাসী কর্মী ও তার পরিবারের সদস্যদের নিকট হতে অভিযোগ গ্রহণ, অবহিতকরণ এবং তথ্য প্রদানের ব্যবস্থা রাখা হয়েছে। প্রবাসবন্ধু কলসেন্টার এর মেয়াদ সেপ্টেম্বর, ২০১৭ শেষ হয়েছে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের এ-টু-আই প্রকল্পের সাথে বৈঠক করে প্রবাসবন্ধু কল সেন্টারের বিষয়ে সিদ্ধান্ত নেয়া হবে। | প্রবাসবন্ধু কলসেন্টারের মত কল্যাণ বোর্ডের আওতায় কলসেন্টার স্থাপনের লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড |

বোয়েসেল :

<table>
<tr><th>আলোচ্য বিষয়</th><th>গত সভার সিদ্ধান্ত</th><th>আলোচনা</th><th>গৃহীত সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td></tr>
<tr><td>৫.১ বোয়েসেলের কার্যক্রম</td><td>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৭-১৮ এর লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত কার্যক্রম আরও জোরদার করতে হবে।</td><td>গত অক্টোবর মাসে বোয়েসেল এর কার্যক্রম সংক্রান্ত:
<table>
<tr><th>মাস</th><th>দেশ</th><th>পেশাজীবী (জন)</th><th>দক্ষ (জন)</th><th>স্বল্পদক্ষ (জন)</th><th>মোট (জন)</th></tr>
<tr><td>অক্টোবর</td><td>জর্ডান</td><td>-</td><td>৮৫৪</td><td>-</td><td>৮৫৪</td></tr>
<tr><td></td><td>দক্ষিণ কোরিয়া</td><td>-</td><td>-</td><td>১০৮</td><td>১০৮</td></tr>
<tr><td></td><td>মোট</td><td>-</td><td>৮৫৪</td><td>১০৮</td><td>৯৬২</td></tr>
</table>
এছাড়া নতুন নতুন শ্রমবাজার অনুসন্ধান ও শূন্যপদ পূরণের লক্ষ্যে এ সংস্থার কার্যক্রম চলমান রয়েছে।</td><td>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৭-১৮ এর লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত কার্যক্রম আরও জোরদার করতে হবে।</td><td>ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল</td></tr>
</table>

প্রবাসী কল্যাণ ব্যাংক:

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| **১** | **২** | **৩** | **৪** | **৫** |
| ৬.১. প্রবাসী কল্যাণ ব্যাংকের কার্যক্রম | প্রবাসী কল্যাণ ব্যাংককে বাণিজ্যিক ব্যাংকে রূপান্তরের লক্ষ্যে সর্বশেষ গৃহীত কার্যক্রম পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | প্রবাসী কল্যাণ ব্যাংককে তফসিলি ব্যাংকে রূপান্তরের লক্ষ্যে পরিশোধিত মূলধন বাবদ ২৫০ (দুইশত পঞ্চাশ) কোটি টাকার মধ্যে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড থেকে গত ১৬.০৪.২০১৭ তারিখে ৫০ (পঞ্চাশ) কোটি টাকা প্রদান করা হয়েছে। পরিশোধিত মূলধন বাবদ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের হিস্যা আরও বৃদ্ধি করে ২৫০ কোটি টাকার মধ্যে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড থেকে ২৩৫ কোটি টাকা এবং অবশিষ্ট ১৫ কোটি টাকা অর্থ মন্ত্রণালয় থেকে দেয়া হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। | প্রবাসী কল্যাণ ব্যাংককে বাণিজ্যিক ব্যাংকে রূপান্তরের লক্ষ্যে গৃহীত কার্যক্রমের অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক |

৭. বিবিধ :

৭.১। ই-ফাইলিং, APA, শুদ্ধাচার, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬, ৭ম পঞ্চ বার্ষিকী পরিকল্পনাসহ আন্তর্জাতিক ও আঞ্চলিক সংগঠনে এ মন্ত্রণালয়ের কার্যক্রম একটি ছক আকারে উপস্থাপন করা হলো:

| আলোচ্য বিষয় | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|
| প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬<br><br>**ফোকাল পয়েন্ট:** যুগ্মসচিব (শ্রমবাজার গবেষণা সেল) | সংশ্লিষ্ট সকলের পক্ষ থেকে দ্রুত ফিডব্যাক প্রদান এবং নীতির আলোকে দ্রুত স্টিয়ারিং কমিটি গঠন করতে হবে। | <u>শ্রম বাজার গবেষণা সেল:</u><br>প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি, ২০১৬ বিষয়ে কোন মতামত পাওয়া যায়নি। তবে নিম্নোক্ত বিষয়ে আইএলও প্রকল্পের সাথে একযোগে কাজ চলছে:<br>১) দ্রুত স্টিয়ারিং কমিটি গঠন (২) সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগসমূহের হার্ডকপি প্রেরণ (৩) পলিসিটি বুকলেট আকারে ছাপানো।<br>(১) পলিসি বুকলেট আকারে দ্রুত ছাপানোর জন্য প্রশাসন অনুবিভাগকে এবং<br>(২) বিএমইটিকে এ নীতি এবং খসড়া কর্মপরিকল্পনার বিষয়ে মতামত প্রাপ্তির জন্য দ্রুত একটি অংশীজন সেমিনার আয়োজনের বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | শ্রমবাজার গবেষণা হতে প্রাপ্ত সুপারিশসমূহ বাস্তবায়নে ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও দপ্তর/ সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা নিবে। |
| IPoA ও SDG<br><br>**ফোকাল পয়েন্ট:** যুগ্মসচিব (উন্নয়ন) | IPoA ও SDG সংক্রান্ত বিষয়ে এ মন্ত্রণালয়ের গৃহীত কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | ফোকালপয়েন্ট কর্মকর্তা ও যুগ্মসচিব (উন্নয়ন) জানান, IPOA এর ৮টি থিমেটিক এরিয়ার মধ্যে Social Development ও Remittance বিষয়ে এ মন্ত্রণালয়ের সম্পৃক্ততা রয়েছে। ইতোমধ্যে এ বিষয়ের উপর মন্ত্রণালয়ের input প্রেরণ করা হয়েছে। তাছাড়া SDG তে এ মন্ত্রণালয়ের অগ্রগতি বিষয়ে সম্প্রতি মন্ত্রণালয়ের আলাপন নামক ফোরামের উদ্যোগে আয়োজিত সভায় একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন করা হয়েছে। IPoA বিষয়ের উপর একইভাবে একটি প্রেজেন্টশন করা হবে মর্মে তিনি জানান। | IPoA ও SDG সংক্রান্ত বিষয়ে এ মন্ত্রণালয়ের গৃহীত কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। |

| | | | |
|---|---|---|---|
| আরটিআই সংক্রান্ত তথ্য প্রদান<br><br>জনাব রাবেয়া বসরী, সিনিয়র সহকারী সচিব (মনিটরিং শাখা) | তথ্য কমিশনের অনলাইন প্রশিক্ষণ ব্যবস্থা সম্পর্কে সভাকে অবহিত করতে হবে। | তথ্য কমিশন কর্তৃক অনলাইন প্রশিক্ষণ ব্যবস্থা চালু করা হয়েছে। তথ্য প্রদানকারী কর্মকর্তাকে এ বিষয়ে আপডেট থাকার জন্য চেয়ারপার্সন নির্দেশনা প্রদান করেন। | তথ্য কমিশনের অনলাইন প্রশিক্ষণ ব্যবস্থা সম্পর্কে সভাকে অবহিত করতে হবে। |
| নারী ও শিশু উন্নয়ন বাস্তবায়ন ও মূল্যায়ন কমিটি<br><br>**ফোকাল পয়েন্ট:** উপসচিব (কল্যাণ) | নারীর উন্নয়ন সংক্রান্ত এবং Sexual Harassment এর প্রতিরোধে কমিটি গঠনের কার্যক্রম গ্রহণ করতে হবে। | Sexual Harassment প্রতিরোধে এ মন্ত্রণালয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। তাছাড়া এ মন্ত্রণালয়ে Day Care Center স্থাপনের লক্ষ্যে শীঘ্রই একটি সভা আয়োজন করা হবে। কয়েকটি সংস্থাকে এ বিষয়ে অনুরোধ জানানো হয়েছে এবং আশা করা যায় যে তাদের সহযোগিতায় এটি স্থাপন করা সম্ভব হবে। | ক) নারীর উন্নয়ন সংক্রান্ত এবং Sexual Harassment প্রতিরোধে গঠিত কমিটির কার্যক্রম সভাকে অবহিত করতে হবে।<br>খ) ডে কেয়ার সেন্টার স্থাপনের অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। |
| কলম্বো প্রসেস<br><br>**ফোকাল পয়েন্ট:** উপসচিব (মিশন-২) | কলম্বো প্রসেস বিষয়ে গৃহীত সর্বশেষ কার্যক্রম সমন্বয় সভায় অবহিত করতে হবে। | ১২টি দেশ এ প্রসেসের সদস্য। Global Compact এ ইনপুট প্রদানের উদ্দেশ্যে ১৩-১৪ সেপ্টেম্বর, ২০১৭ তারিখে নেপালে ইতোমধ্যে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। উপপ্রধান (পরিকল্পনা) এ মন্ত্রণালয়ের পক্ষে সভায় অংশগ্রহণ করেন। গত ০৬/০৯/২০১৭ তারিখ কলম্বো প্রসেস বিষয়ে একটি অনলাইন সভা হয়েছে। কলম্বো প্রসেস সংক্রান্ত কার্যক্রম চলমান আছে। | কলম্বো প্রসেস বিষয়ে গৃহীত সর্বশেষ কার্যক্রম সমন্বয় সভায় অবহিত করতে হবে। |
| আবুধাবী ডায়ালগ<br><br>**ফোকাল পয়েন্ট:** উপপ্রধান (পরিকল্পনা) | আবুধাবী ডায়ালগের গুরুত্ব বিবেচনায় এ মন্ত্রণালয়ের সক্রিয় ভূমিকা নিশ্চিত করতে হবে। | আবুধাবী ডায়ালগ মূলত কলম্বো প্রসেসের ১২টি সদস্য দেশ ও কর্মী গ্রহণকারী ০৭টি দেশের সমন্বয়ে গঠিত একটি সংস্থা। এ বিষয়ে কার্যক্রম চলমান আছে। | আবুধাবী ডায়ালগের গুরুত্ব বিবেচনায় এ মন্ত্রণালয়ের সক্রিয় ভূমিকা নিশ্চিত করতে হবে। |
| দক্ষিণ-দক্ষিণ সহযোগিতা সম্প্রসারণ বিষয়ক<br><br>**ফোকাল পয়েন্ট:** যুগ্মসচিব (প্রশিক্ষণ) | দক্ষিণ-দক্ষিণ সহযোগিতা সম্প্রসারণ বিষয়ক কার্যক্রমে এ মন্ত্রণালয়ের সম্পৃক্ততা থাকলে তা দ্রুত সম্পাদন করতে হবে। | এটি মূলত উন্নয়নশীল দেশের সাথে উন্নত দেশসমূহের একটি আয়োজন। ERD এ বিষয়টি সমন্বয় করে থাকে। | দক্ষিণ-দক্ষিণ সহযোগিতা সম্প্রসারণ বিষয়ক কার্যক্রমে এ মন্ত্রণালয়ের সম্পৃক্ততা থাকলে তা দ্রুত সম্পাদন করতে হবে। |
| NSSS<br><br>**ফোকাল পয়েন্ট:** উপসচিব (কল্যাণ) | NSSS সংক্রান্ত বিষয়ের সর্বশেষ অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | মন্ত্রিপরিষদ বিভাগের কেন্দ্রীয় কমিটি শীঘ্রই এ বিষয়ে সভা আহ্বান করবে। এ মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাবিত নিরাপত্তা কর্মসূচী মূলক প্রকল্প কেন্দ্রীয় কমিটিতে গৃহীত হয়েছে । | NSSS সংক্রান্ত বিষয়ের সর্বশেষ অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। |

| | | | |
|---|---|---|---|
| Budapest Process<br><br>**ফোকাল পয়েন্ট:** উপসচিব (দক্ষতা উন্নয়ন তহবিল) | বুদাপেস্ট প্রসেসের কার্যক্রমে এ মন্ত্রণালয়ের সক্রিয় ভূমিকা নিশ্চিত করতে হবে। | ২০১৮ সালে অনুষ্ঠিতব্য Global Compact বাস্তবায়নে বুদাপেস্ট প্রসেসসহ সকল আন্তর্জাতিক ও আঞ্চলিক ফোরামসমূহ কাজ করছে। বুদাপেস্ট প্রসেসে বাংলাদেশ একটি অবজারভার দেশ হিসেবে অংশগ্রহণ করে থাকে। এ সংক্রান্ত কার্যক্রম চলমান আছে। | বুদাপেস্ট প্রসেসের কার্যক্রমে এ মন্ত্রণালয়ের সক্রিয় ভূমিকা নিশ্চিত করতে হবে। |
| GFMD<br><br>**ফোকাল পয়েন্ট:** উপসচিব (মিশন-২) | জিএফএমডির কার্যক্রমে কার্যকর ভূমিকা রাখতে হবে। | প্রতি বছর জিএফএমডি সম্মেলন অনুষ্ঠিত হয়। ২০১৬ সালে ঢাকায় অনুষ্ঠিত নবম সম্মেলনে বাংলাদেশ হোস্ট কান্ট্রি হিসেবে গুরুদায়িত্ব পালন করেছে। মরক্কো ও জার্মানিকে আগামী ২বছর এ সম্মেলন আয়োজনের দায়িত্ব প্রদান করা হয়েছে। | জিএফএমডির কার্যক্রমে কার্যকর ভূমিকা রাখতে হবে। |
| Global Compact | Global Compact সহ সকল গুরুত্বপূর্ণ প্রসেসের কার্যক্রম সুচারুভাবে সম্পন্ন করার লক্ষ্যে মন্ত্রণালয়ের একাধিক কর্মকর্তার সমন্বয়ে ফোরাম ভিত্তিক টীম গঠন করতে হবে। | Global Compact সহ অভিবাসন সংক্রান্ত সকল কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ছোট ছোট গ্রুপ গঠনের বিষয়ে সভায় আলোচনা হয়। অতিরিক্ত সচিব (মিশন ও কল্যাণ) বলেন, ইতোমধ্যে পলিসি বিষয়ে ৩টি আন্ত:মন্ত্রণালয় গ্রুপ গঠন করা হয়েছে। Global Compact সহ অভিবাসন সংক্রান্ত সকল সংগঠনের কার্যক্রম সুচারুভাবে পরিচালনার লক্ষ্যে সচিব মহোদয়ের সাথে আলোচনা ক্রমে এ মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সমন্বয়ে পৃথক পৃথক গ্রুপ গঠন করা হবে মর্মে তিনি সভাকে জানান। | Global Compact সহ সকল গুরুত্বপূর্ণ প্রসেসের কার্যক্রম সুচারুভাবে সম্পন্ন করার লক্ষ্যে মন্ত্রণালয়ের একাধিক কর্মকর্তার সমন্বয়ে ফোরামভিত্তিক টীম গঠন করতে হবে। |

পরিশেষে চেয়ারপার্সন বলেন, মন্ত্রণালয়ের শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে সকল কর্মকর্তা/কর্মচারীকে আরও আন্তরিক ও সচেতন হতে হবে। কোনও কর্মকর্তা ছুটিতে অথবা সরকারি কাজে বাইরে থাকলে তাঁর বিকল্প কর্মকর্তার মাধ্যমে নথি উপস্থাপন করতে হবে। টিটিসি/আইএমটির প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শনের জন্য মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সম্পৃক্ত রাখতে হবে। সর্বোপরি, বাংলা এবং ইংরেজি শব্দের সঠিক উচ্চারণসহ বানান লেখার বিষয়ে সচেষ্ট থাকার জন্য চেয়ারপার্সন সকলকে আহ্বান জানান।

সভায় আর কোনও আলোচ্যসূচি না থাকায় চেয়ারপার্সন উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/
২৮/১১/১৭
(ড. নমিতা হালদার এনডিসি)
ভারপ্রাপ্ত সচিব
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়